

## 💵 প্রশ্লোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - সালাত (নামায) রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

২.১০ সালাত ভঙ্গকারী কাজ - ২৪. সালাত অবস্থায় কী কী কাজ করলে সালাত ভঙ্গ হয়ে যায়?

নিচে বর্ণিত যে কোন কাজ করলে সালাত ভঙ্গ হয়ে যায়। পরে এ সালাত আবার আদায় করতে হয়। আর তা হলো:

- ১. সালাতের শর্ত ভঙ্গকারী কোন কাজ করা। যেমন- পবিত্রতা নষ্ট হওয়া, সতর খুলে যাওয়া, সালাতে কিবলা পরিবর্তন করে ফেলা ইত্যাদি।
- ২. জেনে-শুনে স্বেচ্ছায় সালাতের কোন রুকন বা ওয়াজিব ছেড়ে দেওয়া।
- ৩. স্মরণ থাকা অবস্থায় ইচ্ছাকৃতভাবে কথা বলা।
- ৪. পাশের মুসল্লী বা অন্য কেউ শুনতে পায় এমন আওয়াজ করে হাসি দেওয়া।
- ৫. ইচ্ছাকৃতভাবে কোনকিছু খাওয়া বা পান করা।
- ৬. বিনা কারণে বার বার নড়াচড়া করা।
- ৭. কোন রুকন বাদ দেওয়া।
- ৮. সালাতের কোন রুকন ইচ্ছাকৃতভাবে বৃদ্ধি করা।
- ৯. ইচ্ছা করে কোন রাকাআত অতিরিক্ত যোগ করা।
- ১০. ইচ্ছাকৃতভাবে ইমামের আগে মুক্তাদির সালাম ফেরানো।
- ১১. সালাতের ভেতরেই সালাত ভঙ্গ করার নিয়ত করা।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12908

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন